অবিলম্বে প্রকাশের জন্য: 12/11/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লার্নিং ডিজেবিলিটিসহ স্টুডেন্টদের জন্য ফলাফল উন্নত করতে নিউ ইয়র্কের সেন্টার ফর ডিসলেক্সিয়া অ্যান্ড ডিসগ্রাফিয়া প্রতিষ্ঠা করতে লেজিস্লেশন সাইন করলেন

লেজিস্লেশন A2687/S5569 স্টেটের এডুকেশন ডিপার্টমেন্টের অধীনে একটি সেন্টার ফর ডিসলেক্সিয়া অ্যান্ড ডিসগ্রাফিয়া প্রতিষ্ঠা করে যাতে স্কুলগুলি কীভাবে এমন স্টুডেন্টদের সনাক্ত ও সমর্থন করতে পারবে যাদের পড়তে এবং লিখতে কষ্ট হয় তা উন্নত করা যায়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে লেজিস্লেশন A2687/S5569 সাইন করেছেন যা স্টেটের এডুকেশন ডিপার্টমেন্টের (State Education Department) অধীনে একটি সেন্টার ফর ডিসলেক্সিয়া অ্যান্ড ডিসগ্রাফিয়া (Center for Dyslexia and Dysgraphia) প্রতিষ্ঠা করে যাতে স্কুলগুলি কীভাবে এমন স্টুডেন্টদের সনাক্ত ও সমর্থন করতে পারবে যাদের পড়তে এবং লিখতে কষ্ট হয় তা উন্নত করা যায়। সেন্টার সেরা প্র্যাকটিস সংগ্রহ ও শেয়ার করা, K-5 গ্রেডের জন্য এবং নতুন ভর্তির জন্য সার্বজনীন স্ক্রিনিংয়ের স্ট্যান্ডার্ড নির্ধারণ করা, এবং প্রমাণভিত্তিক হস্তক্ষেপ এবং শিক্ষকের ট্রেনিং প্রতিষ্ঠা করার জন্য পুরো স্টেটের জন্য একটি পদ্ধতি তৈরি করবে। এছাড়াও এটি দুই বছরের মধ্যে একটি গাইডবুক তৈরি করবে, যা কমপক্ষে প্রতি পাঁচ বছর পর আপডেট করা হবে, যেখানে আইনি দায়িত্ব, স্ক্রিনিংয়ের প্র্যাকটিস, নির্দেশনা, পড়ার বিজ্ঞানের ভিত্তিতে পদ্ধতি, এবং কার্যকর ইন্ডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (Individual Education Program) তৈরি ও ব্যবস্থা সম্পর্কে থাকবে। এই বিল সাইন করার মাধ্যমে গভর্নর নিউ ইয়র্কের (New York) স্টুডেন্টরা যাতে সারা দেশের মধ্যে সেরা শিক্ষার ফলাফল পেতে পারে তা নিশ্চিত করতে তার প্রতিশ্রুতি তুলে ধরেছেন, এবং সেই মিশনের মধ্যে আছে ক্লাসরুমে লার্নিং ডিজেবিলিটিসহ প্রায় প্রতি পাঁচ জনে একজন শিশুকে সমর্থন করা।

"এই লেজিস্লেশন সাইন করার মাধ্যমে আমি নিউ ইয়র্কের হাজার হাজার পরিবারের সাথে উদযাপন করছি যাদেরকে তাদের সন্তানের লার্নিং ডিজেবিলিটির কারণে শিক্ষা ব্যবস্থা নেভিগেট করতে হচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই সেন্টার প্রতিষ্ঠা হলো ডিসলেক্সিয়া এবং ডিসগ্রাফিয়ার একুশ শতকের সমাধান খুঁজতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য একটি বিজয়। সেন্টারটি প্রতিষ্ঠা করার মাধ্যমে নিউ ইয়র্ক সকল স্টুডেন্ট, বিশেষ করে লার্নিং ডিজেবিলিটিসহ স্টুডেন্টরা যাতে ক্লাসরুমের সেরা ফলাফল পেতে পারে তা নিশ্চিত করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে বাড়িয়ে দিচ্ছে।"

আজকের ঘোষণাটি শিশুদের জন্য পড়ার লিটারেসি বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) বৃহত্তর চেষ্টার সমর্থক। 2023 সালে, গভর্নর Hochul (হোকল) ডিসলেক্সিয়া এবং ডিসগ্রাফিয়া টাস্ক ফোর্স (Dyslexia and Dysgraphia Task Force) তৈরি করতে লেজিস্লেশন সাইন করেন, যার দায়িত্ব হলো দ্রুত স্ক্রিনিং, হস্তক্ষেপ, এবং ডিসলেক্সিয়া, ডিসগ্রাফিয়া এবং সম্পর্কিত লার্নিং ডিজেবিলিটির ক্ষেত্রে শিক্ষকের ট্রেনিংয়ের জন্য গাইডলাইন তৈরি করা। চূড়ান্ত রিপোর্টে স্টেট পর্যায়ের পলিসিমেকারদের জন্য 14টি সুপারিশ ছিলো, এবং তার মধ্যে একাধিক বাস্তবায়ন করা হয়েছে, যার মধ্যে এই সেন্টার তৈরি আছে।

পাশাপাশি, 2024 সালে তৈরি গভর্নরের Back to Basics Reading Plan উদ্যোগটি প্রমাণভিত্তিক পড়ার নির্দেশনার উপর গুরুত্ব দেয়া, বিশেষ করে একদম প্রথম দিকের এলিমেন্টারি গ্রেডের জন্য, এবং এর মধ্যে ফোনিক এবং ফোনেমিক জ্ঞানের মতো কাঠামোবদ্ধ লিটারেসি পদ্ধতি আছে, যা সকল শিক্ষার্থীকে, বিশেষ করে ডিসলেক্সিয়াসহ শিক্ষার্থীদের কাজে লাগবে। কাঠামোবদ্ধ লিটারেসির জন্য পুরো স্টেটে এই চেষ্টার উদ্দেশ্য ডিসলেক্সিয়াসহ শিশুদের জন্য পড়ার ফলাফল উল্লেখযোগ্যভাবে উন্নত করা, এবং রিসার্চ অনুযায়ী পড়তে কষ্ট হয় এমন মানুষের জন্য যা কাজ করে তার সাথে এই পদ্ধতিগুলি মানানসই হবে।

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে প্রায় প্রতি 5 জনে 1 জন শিশু ডিসলেক্সিয়াতে ভুগে, কিন্তু অনেক বেশি সময় ধরে নিউ ইয়র্কে এইসব স্টুডেন্টদের সনাক্ত ও সমর্থন করার ধারাবাহিক, প্রমাণভিত্তিক পদ্ধতির ঘাটতি ছিলো। আমরা শুধু সেন্টার তৈরি করছি না, আমরা শিক্ষক, পরিবার, ও স্টুডেন্টদের সেই সরঞ্জাম দিচ্ছি যা বহু বছর ধরে এই সমস্যা সমাধানের জন্য তাদের প্রয়োজন। দ্রুত স্ক্রিনিং, কাঠামোবদ্ধ লিটারেসির নির্দেশনা, এবং মানসম্পন্ন পেশাদারি বিকাশ বিলাসিতা হওয়া উচিত না, এবং নিউ ইয়র্কের প্রত্যেক শিশু ও স্টুডেন্ট যাতে আত্মবিশ্বাসের সাথে পড়তে ও লিখতে পারে তা নিশ্চিত করার জন্য এগুলি প্রয়োজন। নিউ ইয়র্কের অনেক বেশি স্টুডেন্টকে ভুল বুঝা হয়েছে এবং ভুলভাবে সনাক্ত করা হয়েছে, কিন্তু আজকে আমরা সেই গল্প বদলে দেওয়া শুরু করলাম। এই লেজিস্লেশনকে আইন হিসেবে সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল), এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য অ্যাসেম্বলির সদস্য Bobby Carroll-কে (ববি ক্যারোল) ধন্যবাদ, এবং আমি গর্বিত যে নিউ ইয়র্ক এখন ডিসলেক্সিয়া এবং অন্যভাবে শিখে এমন স্টুডেন্টদের সমর্থন করার ক্ষেত্রে জাতীয় নেতা হওয়ার পথে আছে।"

অ্যাসেম্বলির সদস্য Robert Carroll (রবার্ট ক্যারোল) বলেন, "আমি ডিসলেক্সিয়াতে ভুগে বড় হয়েছি। দ্রুত সনাক্ত করা এবং সত্যিকারের হস্তক্ষেপ ছাড়া আমি স্কুল শেষ করতে পারতাম না, এমন স্থানে তো কখনোই পৌঁছাতে পারতাম না যেখানে আমি অন্য শিশুদের সেই সমর্থন দিতে সাহায্য করার জন্য আইন লিখতে পারছি যা আমি ভাগ্যগুণে পেয়েছিলাম। আজকে গভর্নর Hochul (হোকল) এমন একই আইন সাইন করেছেন যা আমাদের স্টেটের প্রতিটি শিশুকে সেই একই সুযোগ দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। নিউ ইয়র্কের ডিসলেক্সিয়া সেন্টার পুরো স্টেটের একটি ফ্রেমওয়ার্ক তৈরি করবে যা স্কুল এবং শিক্ষকদের ডিসলেক্সিয়া এবং ডিসগ্রাফিয়া দ্রুত সনাক্ত করার ব্যবস্থা দিবে, এবং কাঠামোবদ্ধ, ধারাবাহিক, সামগ্রিক, এবং মাল্টিসেন্সরি লিটারেসি নির্দেশনার মাধ্যমে ট্রেনিং দিবে। আমি গভর্নরের নেতৃত্বের জন্য তার প্রতি, এবং এটিকে সম্ভব করতে লড়াই করা পুরো নিউ ইয়র্কের

অ্যাডভোকেট, শিক্ষক, এবং পরিবারের প্রতি কৃতজ্ঞ। ডিসলেক্সিয়া সেন্টার তৈরি করা নিশ্চিত করবে যাতে আরো বেশি স্টুডেন্ট সেই সমর্থন পেতে পারে যা আমি পেয়েছি। এটিকে আইন করার অর্থ হলো সেরা প্র্যাকটিসগুলি টেকসই হবে এবং আমরা কীভাবে প্রতিটি পড়তে কষ্ট হওয়া মানুষকে সাহায্য করতে পারি তার নির্দেশনা দিয়ে যাওয়া হবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Julie Menin (জুলি মেনিন) বলেন, "এই সেন্টারটি ডিসলেক্সিয়া এবং ডিসগ্রাফিয়াসহ হাজার হাজার নিউ ইয়র্কের স্টুডেন্টদের জমি শিক্ষার ফলাফল উন্নত করার ক্ষেত্রে একটি বড় অগ্রগামী ধাপ। নিউ ইয়র্ক স্টেটের এডুকেশন ডিপার্টমেন্টের অধীনে একটি নিবেদিত সেন্টার তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্ক প্রমাণভিত্তিক নির্দেশনা, দ্রুত সনাক্ত করা, এবং প্রত্যেক স্টুডেন্টকে আরো ভালো সমর্থন দেওয়ার ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতি তুলে ধরেছে। প্রত্যেক শিশু, তারা যেভাবেই শিখুক না কেনো, তাদের কাছে যাতে সমৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা, ট্রেনিং, এবং হস্তক্ষেপের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে এই নিবেদিত অফিস প্রতিষ্ঠা করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Farah N. Louis (ফারাহ এন লুইস) বলেন, "আমাদের স্টেটে একটি নিবেদিত সেন্টার ফর ডিসলেক্সিয়া অ্যান্ড ডিসগ্রাফিয়া প্রতিষ্ঠা করার গুরুত্বপূর্ণ এই লেজিস্লেশন সাইন করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। অনেক বেশি দিন ধরে নিউ ইয়র্কের পরিবারগুলি এমন সিস্টেমে হিমশিম খেয়েছে যা নিউরোডাইভারজেন্ট শিক্ষার চাহিদার পূর্ণ ব্যাপ্তিকে সমর্থন করার জন্য তৈরি করা হয়নি। ডিসলেক্সিয়া, ডিসগ্রাফিয়া, এবং সম্পর্কিত লার্নিং ডিফারেন্স থাকা শিশুদের বহু দিন ধরে সার্বিক, কৌশলী পন্থার বিকাশ থেকে বঞ্চিত করা হয়েছে যা তাদেরকে মানিয়ে নিতে এবং ক্লাসরুমে সফল হতে দিবে। সেন্টারের বাস্তবায়নের জন্য এবং আমার ডিসট্রিক্ট ও পুরো নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য এটি যে সুযোগ তৈরি করবে তা দেখতে আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি। প্রত্যেক শিশুর শিক্ষার জন্য একটি সমতার পথ পাওয়া উচিত, এবং এই চেষ্টা আমাদেরকে সেই প্রতিশ্রুতি পূরণের আরো কাছে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Rita Joseph (রিটা জোসেফ) বলেন, "সারাজীবনের একজন শিক্ষক হিসেবে আমি দেখেছি যে পড়তে বা লিখতে কষ্ট হয় এমন শিশুর জন্য সঠিক সমর্থন কত কিছু বদলে দিতে পারে। গভর্নর Hochul-এর (হোকল) সেন্টার ফর ডিসলেক্সিয়া অ্যান্ড ডিসগ্রাফিয়া প্রতিষ্ঠা করা একটি যুগান্তকারী পদক্ষেপ যা অবশেষে সেই স্টুডেন্টদের জন্য ধারাবাহিকতা, অভিজ্ঞতা, এবং সত্যিকারের আশা নিয়ে আসবে যারা অনেক দিন ধরে এর জন্য অপেক্ষা করছেন। দ্রুত স্ক্রিনিং, প্রমাণভিত্তিক নির্দেশনা, এবং শিক্ষকের ভালো ট্রেনিংকে অগ্রাধিকার দেওয়ার ব্যাপারে আমাদেরকে অবশ্যই প্রতিশ্রুতিবদ্ধ থাকতে হবে। আমরা যখন আমাদের সন্তানের লিটারেসিতে বিনিয়োগ করি, তখন আমরা তাদের ভবিষ্যতে বিনিয়োগ করছি, এবং আজকে নিউ ইয়র্ক সঠিক দিকে একটি শক্তিশালী পদক্ষেপ নিয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন